

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ ডিসেম্বর ২০২১ খ্রি.

**পৃথিবীর ইতিহাসে বাঙালি জাতিই ঘোষণা দিয়ে
মুক্তিযুদ্ধ করে বিজয় অর্জন করে-মেয়র**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বাংলাদেশের আজকের উন্নয়ন ও অগ্রগতির পেছনে রয়েছে মূলতঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান। তিনি বেঁচে থাকলে দেশ ইতোমধ্যেই উন্নত দেশে পরিণত হতো। কিন্তু ৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতাকে হত্যার মধ্যদিয়ে জাতিকে পিছিয়ে রাখা হয়েছে এবং উন্নত দেশের স্বপ্নকে ধ্বংস করা হয়েছে। আজ তাঁরই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ, বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বের কারণে বাংলাদেশ আজ জাতির জনকের স্বপ্ন ছোঁয়ার দ্বার প্রাপ্ত। তিনি আরো বলেন, দেশকে পিছনের দিকে নিয়ে যাওয়ার জন্য পাকিস্তানের প্রেতাশ্রমীরা ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। যত ষড়যন্ত্রই হউক না কেন, জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশের কাতারে পৌঁছে যাবে। এরই মধ্যে বাংলাদেশ জাতিসংঘ কর্তৃক উন্নয়নশীল দেশের স্বীকৃতি অর্জন করেছে। আমরা আশা করি উন্নয়নশীল দেশে পরিণত হবে।

মেয়র বলেন, দেশজুড়ে চলমান মুজিব বর্ষ উদযাপকালেই এসেছে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বাঙালির মহান বিজয় দিবস। পাকিস্তান ও তাদের এদেশীয় দোসরদের বিরুদ্ধে এক অন্যরকম আবহে এবার বিজয় দিবস উদযাপন করছে গোটা জাতি। আমাদের মনে রাখা উচিত পৃথিবীতে বাঙালি জাতিই কেবল ঘোষণার মাধ্যমে মুক্তিযুদ্ধ করে বিজয় অর্জন করেছে। এ কারণেই বিজয় আমাদের গৌরবের ও অহংকারের। এবারের বিজয় দিবস মুক্তিযুদ্ধের চেতনায় মৌলবাদ, জঙ্গিবাদের আশ্রয়স্থল বিএনপিসহ উগ্রবাদী সাম্প্রদায়িক শক্তিকে আবারও পরাজিত করে রাজকার জঙ্গিবাদ মুক্ত অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তোলার দৃষ্টান্তে বলিয়ান দেশের মানুষ। তিনি ছাত্র-যুবকদের মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতির পিতার স্বপ্নের উন্নত সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তোলার মিছিলে ঐক্য বন্ধভাবে এগিয়ে আসার আহ্বান জানান। আজ ১৬ ডিসেম্বর বৃহস্পতিবার মহান বিজয় দিবস ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে প্যারেড ময়দানে দিনব্যাপী বিজয় দিবস ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে চসিক আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথাগুলো বলেন।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস সালাম মাসুম, কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমদ মঞ্জু হাসান মুরাদ বিপ্লব, মো. জাবেদ, শৈবাল দাশ সুমন, গাজী শফিউল আজিম, মো. আতাউল্লাহ চৌধুরী, নুরুল মোস্তফা টিনু, সংরক্ষিত কাউন্সিলর জেসমিন পারভীন জেসী, ফেরদৌসী আকবর, রুমকী সেনগুপ্ত, হুরে আরা বেগম, শাহীন আক্তার রোজী, তছলিমা বেগম, চসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, আইন কর্মকর্তা মো. জাসিম উদ্দিন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা মো. হুমায়ুন কবির চৌধুরী, রাজস্ব কর্মকর্তা শাহিদা ফাতেমা চৌধুরী প্রমুখ।

মেয়র আরো বলেন, আজ বিজয়ের গৌরবের বাঁধভাঙ্গা আনন্দের দিন। একই সঙ্গে লাখো জন হারানোর শোক বিহীন হওয়ার দিন। স্বাধীনতা নামের অগ্নিসফুলিঙ্গ আজও প্রচণ্ড ঝাঁকি দেয় রক্তে। শানিত করে চেতনা। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে দেশ আজ কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ও যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে অর্থনৈতিক উন্নতির পথে দেশ দ্রুত এগিয়ে চলছে। কোভিড-১৯ এর মহাদুর্যোগেও জাতির মনোবল ভেঙ্গে পড়েনি। তাই আসুন বাংলাদেশকে বঙ্গবন্ধুর সোনার বাংলায় রূপান্তরে আমরা সকলে ঐক্যবদ্ধভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের কর্মসূচিকে এগিয়ে নিয়ে যাই।

বিজয় দিবস ও সুবর্ণজয়ন্তীর অন্যান্য কর্মসূচির মধ্যে-সূর্যোদয়ের সাথে সাথে চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর নেতৃত্বে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পমাল্য অর্পণ, সাড়ে ৭ টায় টাইগারপাসস্থ নগর ভবন চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, ৮ টায় প্যারেড মাঠে চসিকের স্কুল-কলেজ ও কিন্ডার গার্টেন সমূহের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারী সমাবেশ, সাড়ে ৮ টায় পবিত্র কোরআন তেলাওয়াত, ৮.৫৫ মিনিটে প্যারেড পরিদর্শন, কুচকাওয়াজ ও সালাম গ্রহণ, ৯.৫০ মিনিটে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের ডিসপ্লে প্রদর্শন, ১০.৫৫ মিনিটে কুচকাওয়াজ, ডিসপ্লে ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩